অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 4/13/2021 **গভর্নর অ্যান্ড্রু এম. কুওমো**

গভর্নর কুওমো স্টেটের টিকাদান পরিকল্পনা সম্পর্কে নিউ ইয়র্কবাসীদের হালনাগাদ তথ্য প্রদান করেছেন

219,846 ডোজ গত 24 ঘন্টায় দেওয়া হয়েছে

গত সাত দিনে প্রায় 1.6 মিলিয়ন ডোজ দেওয়া হয়েছে – যা নতুন সর্বোচ্চ রেকর্ড

স্টেটের টিকা কর্মসূচি সম্পর্কে আপডেট তথ্য প্রদান করতে টিকা ড্যাশবোর্ড প্রতিদিন আপডেট করা হবে; ny.gov/vaccinetracker এ যান

গভর্নর অ্যান্ড্রু এম. কুওমো আজ রাজ্যের টিকাদান কর্মসূচি সম্পর্কে নিউ ইয়র্কবাসীদের হালনাগাদ তথ্য প্রদান করেছেন। গত 24 ঘন্টায় নিউ ইয়র্কের বিশাল বিতরণ নেটওয়ার্ক জুড়ে 219,846টি ডোজ দেওয়া হয়েছে এবং গত সাত দিনে 1,590,537 এরও বেশি ডোজ প্রদান করা হয়েছে, একটি নতুন সর্বোচ্চ রেকর্ড।

"আমাদের সরবরাহকারীরা স্টেটজুড়ে মানুষের হাতে আরও টিকা দেওয়ার জন্য কাজ করে চলেছে,এবং আমরা টিকার বিতরণ সমতাপূর্ণ তা নিশ্চিত করার জন্য কমিউনিটি লিডার এবং স্থানীয় ব্যবস্থাপকদের সাথে কাজ করা অব্যাহত রেখেছি," **গভর্নর কুওমো বলেন।** "যদিও, জনসন অ্যান্ড জনসন টিকা ব্যবহারে বিরতিএসেছে, আমি সব নিউ ইয়র্কবাসীকে আশ্বস্ত করতে চাই যে তাদের অ্যাপয়েন্টমেন্ট ঠিক থাকবে এবং অন্য একটি টিকা দিয়ে সময়ানুযায়ী চলবে। আমরা গতি কমিয়ে আনছি না, কারণ এটা কখনোই একটি বিকল্প ছিল না। আমাদের অর্জিত সাফল্য বজায় রাখতেএবং আমাদেরঅর্থনীতিকে চালু রাখতে, আমাদের আরও বেশি নিউ ইয়র্কবাসীকে টিকা দেওয়ার প্রচেষ্টা জোরদার করতে হবে এবং, সবসময়ের মত, সুরক্ষা নীতিমালা মেনে চলা এবং একে অপরকে রক্ষা করা চালিয়ে যেতে হবে।"

নিউ ইয়র্কের বিশাল বিতরণ নেটওয়ার্ক ও যোগ্য ব্যক্তিদের বৃহৎ জনসংখ্যা ফেডারেল সরকার থেকে আসা টিকার সরবরাহের চেয়ে এখনো বহু গুণ বেশি। সীমিত সরবরাহের কারণে, নিউ ইয়র্কবাসীদের ধৈর্য ধরতে উৎসাহিত করা হচ্ছে এবং কোনো অ্যাপয়ন্টমেন্ট ছাড়া টিকাদান সাইটগুলোতে উপস্থিত না হওয়ার পরামর্শ দেওয়া হচ্ছে।

কোমর্বিডিটি এবং অন্তর্নিহিত অবস্থাযুক্ত ব্যক্তিদের জন্য 'Am I Eligible (আমি কি যোগ্য)' স্ক্রিনিং টুলটি আপডেট করা হয়েছে এবং তার সাথে পরবর্তী সপ্তাহগুলিতে রোলিং ভিত্তিতে নতুন অ্যাপয়েন্টমেন্ট প্রকাশ করা হবে। নিউ ইয়র্কবাসীরা নিম্নলিখিতগুলি ব্যবহার করতে পারেন তাদের যোগ্যতা দেখানোর জন্য:

- ডাক্তারের চিঠি, অথবা
- কোমোরবিডিটির প্রমাণীকরণ করা চিকিৎসা তথ্য, অথবা
- স্বাক্ষরিত প্রত্যয়নপত্র

নিচের টিকাদান কর্মসূচির সংখ্যাগুলি স্টেটের টিকাদান কর্মসূচির জন্য নিউ ইয়র্কে বণ্টন এবং বিতরণ করা ডোজের সংখ্যা এবং ফেডারেল সরকারের দীর্ঘমেয়াদী পরিচর্যার ফেসিলিটির কর্মসূচির (Long Term Care Facility program) জন্য সংরক্ষিত ডোজ অন্তর্ভুক্ত করে না। আজ সকাল 11টা পর্যন্ত নিউ ইয়র্ক স্টেটে রিপোর্ট করা সংখ্যাগুলির উপর ভিত্তি করে তথ্যগুলির বিশদ বিবরণ নিম্নরূপ:

রাজ্যব্যাপী তালিকা

প্রদান করা মোট ডোজগুলি - 12,253,659
গত 24 ঘণ্টায় মোট 219,846 ডোজ প্রদান করা হয়েছে
গত 7 দিনে প্রদান করা মোট ডোজ - 1,590,537
নিউ ইয়র্কবাসীদের শতকরা পরিমাণ যারা অন্তত একটি টিকার ডোজ পেয়েছেন - 38.6%
নিউ ইয়র্কবাসীদের শতকরা পরিমাণ যারা সম্পূর্ণ টিকার সিরিজ পেয়েছেন - 25.5%

	অন্তত একটি টিকার ডোজ নেওয়া ব্যক্তি		**সম্পূর্ণ টিকার সিরিজ সহ মানুষ**	
অঞ্চল	**ক্রমসঞ্চিত মোট**	**গত 24 ঘণ্টায় বৃদ্ধি**	**ক্রমসঞ্চিত মোট**	**গত 24 ঘণ্টায় বৃদ্ধি**
Capital Region	452,751	7,299	314,845	6,806
Central New York	386,442	6,839	282,022	6,999
Finger Lakes	474,431	8,418	323,540	7,591
Long Island	943,352	15,382	568,726	16,838
Mid-Hudson	805,618	14,392	496,872	15,066
Mohawk Valley	190,116	1,799	136,373	3,607
New York City	3,496,983	66,896	2,300,094	45,897
North Country	191,463	1,483	147,648	2,660
Southern Tier	254,468	3,680	174,814	6,665

Western New York	509,463	7,350	340,281	6,713
রাজ্য জুড়ে	7,705,087	133,538	5,085,215	118,842

	নিউ ইয়র্কের প্রদানকারীদের সম্পূর্ণভাবে 1ম ডোজগুলি সরবরাহ করা হয়েছে	নিউ ইয়র্কের প্রদানকারীদের সম্পূর্ণভাবে 2য় ডোজগুলি সরবরাহ করা হয়েছে	মোট	ক্রমসঞ্চিত
সপ্তাহ 1 ডোজ আসছে 12/14 – 12/20	163,650	0	163,650	163,650
সপ্তাহ 2 ডোজ আসছে 12/21 – 12/27	452,125	0	452,125	615,775
সপ্তাহ 3 ডোজ আসছে 12/28 – 01/03	227,395	0	227,395	843,170
সপ্তাহ 4 ডোজ আসছে 01/04 – 01/10	239,025	165,150	404,175	1,247,345
সপ্তাহ 5 ডোজ আসছে 01/11 – 01/17	221,315	119,925	341,240	1,588,585
সপ্তাহ 6 ডোজ আসছে 01/18– 01/24	250,400	462,395	712,795	2,301,380
সপ্তাহ 7 ডোজ আসছে 01/25 – 01/31	260,150	239,525	499,675	2,801,055
সপ্তাহ 8 ডোজ আসছে 02/01 – 02/07	321,850	220,720	542,570	3,343,625
সপ্তাহ 9 ডোজ আসছে 02/8 – 02/14	320,000	244,500	564,500	3,908,125

সপ্তাহ 10 ডোজ আসছে 2/15 – 2/21	356,990	265,525	622,515	4,530,640
সপ্তাহ 11 ডোজ আসছে 2/22 – 2/28	393,530	305,780	699,310	5,229,950
সপ্তাহ 12 ডোজ আসছে 03/01 – 03/07	1,020,660	290,500	1,311,160	6,541,110
সপ্তাহ 13 এর ডোজ আসছে 03/08 – 03/14	618,880	526,415	1,145,295	7,686,405
সপ্তাহ 14 এর ডোজ আসছে 03/15 – 03/21	699,790	584,775	1,284,565	8,970,970
সপ্তাহ 15 এর ডোজ আসছে 03/22 – 03/28	828,000	737,080	1,565,080	10,536,050
সপ্তাহ 16 এর ডোজ আসছে 03/29 – 04/04	819,800	569,905	1,389,705	11,925,755
সপ্তাহ 17 এর ডোজ আসছে 04/05 – 04/12	1,068,455	658,770	1,727,225	13,652,980

যে সকল নিউ ইয়র্কবাসী যোগ্যতা নির্ধারণ করতে এবং স্টেট পরিচালিত একটি গণ টিকাদান সাইটে অ্যাপয়েন্টমেন্ট নির্ধারণ করতে চান, তারা 'আমি কি যোগ্য (Am I Eligible)' ওয়েবসাইটি ভিজিট করতে পারেন। নিউ ইয়র্কবাসীগণ অতিরিক্ত তথ্যের জন্য এবং অ্যাপয়েন্টমেন্টের জন্য স্থানীয় স্বাস্থ্য বিভাগ, ফার্মেসি, ডাক্তার বা হাসপাতালে কল করতে পারেন যেখানে টিকা উপলব্ধ আছে।

COVID-19 টিকা ট্র্যাকার ড্যাশবোর্ড COVID-19 টিকা বিতরণ সম্পর্কে নিউ ইয়র্কবাসীদের হালনাগাদ তথ্য প্রদানের জন্য উপলভ্য। নিউ ইয়র্ক স্টেট স্বাস্থ্য বিভাগ (New York State Department of Health) 24 ঘন্টার মধ্যে সকল COVID-19 টিকা প্রদানের তথ্য রিপোর্ট করা বাধ্যতামূলক করে টিকাদান ফেসিলিটিগুলির জন্য; স্টেটের টিকাদান প্রচেষ্টার সব চেয়ে হালনাগাদকৃত মেট্রিক্স প্রতিফলিত করতে ড্যাশবোর্ডে টিকাদানের তথ্য প্রতিদিন আপডেট করা হয়।

যে নিউ ইয়র্কবাসীরা টিকা বিতরণ প্রক্রিয়ায় জালিয়াতি সন্দেহ করেন তারা এখন 833-VAX-SCAM (833-829-7226) টোল-ফ্রি নম্বরে কল করতে পারেন অথবা STOPVAXFRAUD@health.ny.gov এ রাজ্যের স্বাস্থ্য বিভাগকে ইমেইল করতে পারেন। হটলাইন কর্মীগণ যথাযথ তদন্তকারী সংস্থার কাছে অভিযোগ পাঠাবে যাতে নিউ ইয়র্কবাসীদের প্রধান্য না দেওয়া হয় তা নিশ্চিত করা যায় কারণ স্টেট সমস্ত যোগ্য জনসংখ্যাকে টিকা দেওয়ার জন্য কাজ করছে।

###

অতিরিক্ত তথ্য পেতে দেখুন www.governor.ny.gov
নিউ ইয়র্ক স্টেট । এক্সিকিউটিভ চেম্বার । press.office@exec.ny.gov । 518.474.8418

আনসাবস্ক্রাইব করুন